

🗏 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ৪৫

💵 আরবি মূল আয়াত:

وَ لَقَد أَرسَلنَا اللَّهَ فَاذَا هُم صَلِحًا أَنِ اعبُدُوا اللَّهَ فَاذَا هُم فَرِيقَٰنِ يَحْتَصِمُونَ ﴿٢٥﴾

আর অবশ্যই আমি সামূদ সম্প্রদায়ের নিকট তাদের ভাই সালিহকে পাঠিয়েছিলাম যে, তোমরা আল্লাহর ইবাদাত কর। অতঃপর তারা দু'দলে বিভক্ত হয়ে বিতর্ক করছিল। — আল-বায়ান

আমি সামূদ সম্প্রদায়ের নিকট তাদের ভাই সালিহকে পাঠিয়েছিলাম (এই আদেশ দিয়ে যে) তোমরা আল্লাহর 'ইবাদাত কর। অতঃপর তারা দু'ভাগ হয়ে গিয়ে বিতর্কে জড়িয়ে পড়ল। — তাইসিরুল

আমি ছামূদ সম্প্রদায়ের নিকট তাদের ভাই সালিহকে পাঠিয়েছিলাম এই মর্মে যে, তোমরা আল্লাহর ইবাদাত কর। কিন্তু তারা দ্বিধা বিভক্ত হয়ে বিতর্কে লিপ্ত হল। — মুজিবুর রহমান

And We had certainly sent to Thamud their brother Salih, [saying], "Worship Allah," and at once they were two parties conflicting. — Sahih International

৪৫. আর অবশ্যই আমরা সামূদ সম্প্রদায়ের কাছে তাদের ভাই সালেহকে পাঠিয়েছিলাম। এ আদেশসহ যে, তোমরা আল্লাহর ইবাদাত কর(১), এতে তারা দু'দলে বিভক্ত হয়ে বিতর্কে লিপ্ত হল।(২)

- (১) তুলনামূলক অধ্যায়নের জন্য সূরা আল-আ'রাফের ৭৩ থেকে ৭৯, হূদের ৬১ থেকে ৬৮. আশ শু'আরার ৪১ থেকে ৫৯, আল-কামারের ২৩ থেকে ৩২ এবং আশ-শামসের ১১ থেকে ১৫ আয়াত পড়ন।
- (২) অর্থাৎ সালেহ আলাইহিস সালামের দাওয়াত শুরু হওয়ার সাথে সাথেই তার জাতি দুটি দলে বিভক্ত হয়ে গেলো। একটি দল মুমিনদের এবং অন্যটি অস্বীকারকারীদের এ বিভক্তির সাথে সাথেই তাদের মধ্যে দ্বন্দ সংঘাতও শুরু হয়ে গেলো। [ইবন কাসীর] যেমন কুরআন মাজীদে বলা হয়েছেঃ 'তার জাতির শ্রেষ্ঠত্বের গর্বে গর্বিত সরদাররা দলিত ও নিম্পেষিত জনগোষ্ঠীর মধ্য থেকে যারা ঈমান এনেছিল তাদেরকে বললো, সত্যই কি তোমরা জানো, সালেহ তার রবের পক্ষ থেকে পাঠানো একজন নবী? তারা জবাব দিল, তাকে যে জিনিস সহকারে পাঠানো হয়েছে আমরা অবশ্যই তার প্রতি ঈমান রাখি। এ অহংকারীরা বললো, তোমরা যে জিনিসের প্রতি ঈমান এনেছো আমরা তা মানি না।" [সূরা আল-আরাফঃ ৭৫-৭৬] মনে রাখতে হবে, মুহাম্মদ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের আবির্ভাবের সাথে সাথে মক্কায়ও এ একই ধরনের অবস্থার সৃষ্টি হয়েছিল। তখনও জাতি দু'ভাগে বিভক্ত হয়েছিল।



তাফসীরে জাকারিয়া

- (৪৫) আমি অবশ্যই সামূদ সম্প্রদায়ের নিকট তাদের ভাই সালেহকে পাঠিয়েছিলাম, এ আদেশসহ যে, তোমরা আল্লাহর উপাসনা কর। কিন্তু ওরা দ্বিধাবিভক্ত হয়ে বিতর্কে লিপ্ত হল। [1]
 - [1] এ থেকে মু'মিন ও কাফের উভয়কে বুঝানো হয়েছে। আর বিতর্কের অর্থ, প্রত্যেক দলের দাবী যে তারাই সত্যের উপর প্রতিষ্ঠিত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3204

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন